

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১৬ নভেম্বর ২০২১ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০২টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের বোয়ালিয়া ও চন্দ্রিমা থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ১৬/১১/২০২১ খিঃ তারিখে উপপরিচালক ও সহকারী পরিচালক এর নেতৃত্বে রাজশাহী মহানগরের শালবাগান বাজার এলাকা, বিজিবি গেইট এলাকা, ছোট বনগ্রাম এলাকা ও নামো ভদ্রা এলাকায় অভিযান পরিচালিত হয়। উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী বোয়ালিয়া থানাধীন শালবাগান বাজার এলাকায় রেজাউল স্টোরকে পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী ৩,০০০/- টাকা, বিজিবি গেইট এলাকায় বাচ্চু স্টোরকে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ১,০০০/- টাকা, চন্দ্রিমা থানাধীন ছোট বনগ্রাম এলাকায় জাহিদ স্টোরকে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ১,০০০/- টাকা ও নামো ভদ্রা এলাকায় উৎস ডিপার্টমেন্টাল স্টোর কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ২,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ বোয়ালিয়া থানাধীন শালবাগান বাজার এলাকায় অনুপা ড্রাগ হাউজকে মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয় ও বিক্রয়ের জন্য সংরক্ষণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫১ অনুযায়ী ১,০০০/- টাকা, চন্দ্রিমা থানাধীন ছোট বনগ্রাম এলাকায় সালাম স্টোরকে পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী ২,০০০/- টাকা ও নামো ভদ্রা এলাকায় সুমন মেডিক্যালকে মোড়ক জাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য ব্যবহার না করা, প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় ও বিক্রয়ের জন্য সংরক্ষণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭, ৪৫ ও ৫১ অনুযায়ী ৭,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০২টি অভিযানে সর্বমোট ১৭,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় এবং আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APD

১৬-১১-২০২১

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০৭২১-৭৭২৭৭৪

ফ্যাক্স: ০৭২১-৭৭৫৪০৬

ইমেইল: dd-  
rajshahi@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক(অতিরিক্ত সচিব) , জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) অফিস কপি।